

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১০৮ ১/ বিবিধ

আরবী

كان يأكل العنب خرطا موضوع

رواه ابن عدي في " الكامل " (280 / 1) ، ومن طريق البيهقي في " الشعب " (2/ 201 / 1) بسنده عن سليمان بن الربيع عن كادح بن رحمة حدثنا حصين بن نمير عن حسين بن قيس عن عكرمة عن ابن عباس عن العباس مرفوعا، وقال ابن عدي: وكادح عامة ما يرويه غير محفوظ ولا يتابع عليه في أسانيده ولا في متونه، ومن طريق ابن عدي أورده ابن الجوزي في " الموضوعات " (2 / 287) وقال: حسين ليس بشيء وكادح كذاب، وسليمان ضعفه الدارقطني، ثم ساقه البيهقي وابن الجوزي من طريق العقيلي بسنده عن داود بن عبد الجبار أبي سليمان الكوفي حدثنا الجارود عن حبيب بن يسار عن ابن عباس قال: رأيت رسول الله صلى الله عليه وسلم يأكل العنب خرطا، قال العقيلي (2 / 34) : لا أصل له، وداود ليس بثقة ولا يتابع عليه قلت: ومن طريقه رواه أبو بكر الشافعي في " الفوائد " (110 / 1) والطبراني في " الكبير " (3 / 174 / 2) وبه تعقبه السيوطي في " اللآليء " (2 / 211) بقوله: قلت: أخرجه الطبراني من هذا الطريق وأخرجه البيهقي في " الشعب " من الطريقين ثم قال: ليس فيه إسناد قوي، واقتصر العراقي في " تخريج الإحياء " على تضعيفه قلت: وهذا تعقيب لا طائل تحته، فإن تضعيف العراقي والبيهقي إجمالي لا تفصيل فيه وإعلال الذين قبلهما مفصل، فهو يقضى على المجمل، وداود المذكور قال فيه ابن



معين: ليس بثقة، وقال مرة: يكذب، فمثله لا يصلح شاهدا لحديث كادح الكذاب ولهذا أقر الذهبي ثم العسقلاني العقيلي على قوله: لا أصل له، فإيراد السيوطي لحديث ابن عباس في " الجامع الصغير " مما لا يتفق مع شرطه

বাংলা

১০৮। তিনি আংগুর খেতেন টুকরো টুকরো করে।

হাদীসটি জাল।

হাদীসটি ইবনু আদী "আল-কামিল" (১/২৮০) গ্রন্থে এবং বাইহাকী তার সূত্রে "শুয়াবুল ঈমান" গ্রন্থে (২/২০১/১) উল্লেখ করেছেন। এ সনদে সুলায়মান ইবনু রাবী', কাদিহ্ ইবনু রাহমা এবং হুসাইন ইবনু কাইস রয়েছেন। ইবনু আদী কাদিহ সম্পর্কে বলেনঃ তিনি যা কিছু বর্ণনা করেছেন তা নিরাপদ নয় এবং তার সনদ এবং মতনগুলোর কোনটিরই অনুসরণ করা যায় না। ইবনুল জাওয়ী ইবনু আদী সূত্রে তার "মাওযু'আত" গ্রন্থে (২/২৮৭) হাদীসটি উল্লেখ করে বলেছেনঃ হুসাইন কিছুই না, কাদিহ মিথ্যুক এবং সুলায়মানকে দারাকুতনী দুর্বল আখ্যা দিয়েছেন।

বাইহাকী এবং ইবনুল জাওয়ী উকায়লী সূত্রে দাউদ ইবনু আবদিল জাব্বার আবৃ সুলায়মান আল-কৃফী হতে হাদীসটি নিম্নের ভাষায় বর্ণনা করেছেনঃ

رأيت رسول الله صلى الله عليه وسلم يأكل العنب خرطا

এটি সম্পর্কে উকায়লী বলেনঃ এটির কোন ভিত্তি নেই। দাউদ নির্ভরযোগ্য নন, তার অনুসরণ করা যায় না।

আমি (আলবানী) বলছিঃ তার (উকায়লী) সূত্রে হাদীসটি আবূ বকর আশ-শাফেঈ "আল-ফাওয়াইদ" গ্রন্থে (১/১১০) ও তাবারানী "মুজামুল কাবীর" গ্রন্থে (৩/১৭৪/২) উল্লেখ করেছেন।

সুয়ূতী "আল-লাআলী" গ্রন্থে (২/২১১০) হাদীসটি সম্পর্কে বলেনঃ এটিকে তাবারানী এবং বাইহাকী "শুয়াবুল ঈমান" গ্রন্থে উল্লেখ করেছেন। অতঃপর (বাইহাকী) বলেছেনঃ তার কোন শক্তিশালী সনদ নেই। ইরাকী "তাখরীজুল ইহইয়া" গ্রন্থে হাদীসটিকে শুধু দুর্বল বলেই ক্ষান্ত হয়েছেন।

আমি (আলবানী) বলছিঃ ইরাকী এবং বাইহাকীর দুর্বল আখ্যা প্রদান ব্যাখ্যা সম্বলিত নয়। কারণ এ দাউদ সম্পর্কে ইবনু মাঈন বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। তিনি আরো বলেছেনঃ তিনি মিথ্যা বলতেন।

অতএব তার মত ব্যক্তির হাদীস, মিথ্যুক কাদিহের হাদীসের জন্য শাহেদ হওয়ার উপযুক্ত নয়। এ জন্য যাহাবী ও আসকালানী উকায়লী কর্তৃক لا أصل له এটির কোন ভিত্তি নেই একথাকে সমর্থন করেছেন।



এ কারণেই সুয়ূতী কর্তৃক হাদীসটি "জামেউস সাগীর" গ্রন্থে উল্লেখ করা তার শর্তানুযায়ী সঠিক হয়নি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন